

**তফসিল-৮**  
**মোটরযান রেজিস্ট্রেশন আবেদনের সহিত দাখিলিতব্য দলিলসমূহ**  
[বিধি-৩৪(১) দ্রষ্টব্য]

- ১। একাধিক ব্যক্তি যৌথভাবে কোনো মোটরযানের মালিক হইলে সেইক্ষেত্রে একজনের নামে রেজিস্ট্রেশনের জন্য সকলের সম্মতি সম্বলিত হলফনামা। তবে-
  - প্রতিষ্ঠান/কোম্পানির ক্ষেত্রে স্বাক্ষর ও সিলমোহর; এবং
  - ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সহিত মোটরযানের মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন;
- ২। বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিল অব লেডিং ও এলসি এর কপি;
- ৩। সেল সার্টিফিকেট /সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র (আমদানিকারক/বিক্রেতা প্রদত্ত);
- ৪। প্যাকিং লিস্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি মোটরযানের ক্ষেত্রে);
- ৫। TIN সার্টিফিকেট এবং অগ্রিম/অনুমিত আয়কর প্রদানের প্রমাণপত্র;
- ৬। বিদেশি নাগরিকের নামে রেজিস্ট্রেশন/মালিকানা হস্তান্তর হইলে বাংলাদেশের ওয়ার্ক পারমিট এবং ভিসার মেয়াদের তথ্য;
- ৭। (ক) মূসক-১ (প্রযোজ্য ক্ষেত্রে), (খ) মূসক-১১(ক)/ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে), (গ) ভ্যাট পরিশোধের চালান (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৮। প্রস্তুতকারক/কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বডি ও আসন ব্যবস্থার স্পেসিফিকেশন সম্বলিত ড্রইং (বাস, ট্রাক, হিউম্যান হলার, ডেলিভারী ভ্যান, অটো টেম্পু ইত্যাদি মোটরযানের ক্ষেত্রে);
- ৯। সিকেডি মোটরযানের ক্ষেত্রে কর্তৃপক্ষের টাইপ অনুমোদন ও অনুমোদিত সংযোজনী তালিকা;
- ১০। বডি ভ্যাট চালান ও ভ্যাট পরিশোধের রসিদ (প্রযোজ্য ক্ষেত্রে);
- ১১। প্রযোজ্য রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ;
- ১২। কাস্টমস কর্তৃপক্ষ ও জাতীয় রাজস্ব বোর্ডের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
- ১৩। ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট/ টেলিফোন বিল/ বিদ্যুৎ বিল ইত্যাদির যে-কোনোটির সত্যায়িত ফটোকপি এবং মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্যাডে চিঠি;
- ১৪। নিলামে ক্রয়কৃত প্রতিরক্ষা বিভাগের মোটরযানের ক্ষেত্রে লগবুকে বর্ণিত প্রস্তুতকাল ও প্রস্তুতকারকের বিস্তারিত বিবরণ সম্বলিত ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রদত্ত ছাড়পত্র;
- ১৫। নিলামে ক্রয়কৃত সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের মোটরযানের ক্ষেত্রে নিলাম সংক্রান্ত কাগজপত্র এবং মেরামতের বিস্তারিত বিবরণ;
- ১৬। রিকন্ডিশন মোটরযান রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নোক্ত অতিরিক্ত কাগজপত্র প্রয়োজন হইবে-
  - (ক) 'টিও' ফরম (ক্রেতা কর্তৃক স্বাক্ষরিত), 'টিটিও' ফরম ও বিক্রয় রসিদ (আমদানিকারক কর্তৃক স্বাক্ষরিত);
  - (খ) ডি-রেজিস্ট্রেশন সার্টিফিকেটের মূল কপি এবং ডি-রেজিস্ট্রেশনের ইংরেজি অনুবাদের সত্যায়িত কপি (সার্টিফিকেট অব ক্যানসেলেশন এর সত্যায়িত কপি);
  - (গ) এক কপিতে একাধিক মোটরযানের বর্ণনা থাকিলে মূলকপি প্রদর্শনপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/বিভাগ কর্তৃক সত্যায়িত কপি দাখিল করা যাইবে;
- ১৭। কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় চাহিত দলিলাদি।